

# Prime Minister's Visit to Japan for Quad Leaders' Summit (May 23-25, 2022)

May 19, 2022

## কোয়ড নেতৃত্বের শিখর বৈঠকে (23-25শে মে) যোগ দিতে প্রধানমন্ত্রী জাপান সফর করবেন

জাপানের প্রধানমন্ত্রী মিঃ ফুমিও কিশিদার আমন্ত্রণে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আগামী 24 তারিখ টোকিও-তে কোয়ড নেতৃত্বের তৃতীয় শিখর বৈঠকে যোগ দেবেন। এই বৈঠকে মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি মিঃ জোসেফ আর বাইডেন এবং অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী উপস্থিত থাকবেন।

2021 সালের মার্চ মাসে প্রথম ভার্চুয়াল বৈঠক, গত সেপ্টেম্বর মাসে ওয়াশিংটন ডিসি'তে স্বশরীরে উপস্থিত হয়ে এবং চলতি বছরের মার্চ মাসে ভার্চুয়াল বৈঠকের পর টোকিও-তে অনুষ্ঠিত হতে চলা এটি কোয়ড বা চতুর্দৈশ অঞ্চল গোষ্ঠীভুক্ত দেশগুলির নেতৃত্বের চতুর্থ শিখর বৈঠক।

আসন্ন এই বৈঠকে কোয়ড নেতৃত্ব ভারত - প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে বিভিন্ন ঘটনাবলী সম্পর্কে এবং পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট প্রাসঙ্গিক একাধিক আন্তর্জাতিক বিষয় নিয়ে মতবিনিময় করবেন।

বৈঠকে কোয়ড গোষ্ঠীভুক্ত দেশগুলির গৃহীত উদ্যোগ এবং কর্মী গোষ্ঠীর প্রয়াসে এ যাবৎ অগ্রগতি নিয়ে পর্যালোচনার পাশাপাশি, সহযোগিতার নতুন নতুন ক্ষেত্র খুঁজে বের করা তথা ভবিষ্যৎ সহযোগিতার লক্ষ্যে কৌশলগত দিশা-নির্দেশ ও রূপরেখা প্রণয়ন নিয়েও কথা হবে।

প্রধানমন্ত্রী শ্রী মোদী আগামী 24 তারিখ জাপানের রাষ্ট্রপতি মিঃ ফুমিও কিশিদার সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হবেন। উল্লেখ করা যেতে পারে, গত মার্চ মাসে মিঃ কিশিদার ভারত সফরের সময় চতুর্দশ ভারত - জাপান বার্ষিক শিখর সম্মেলনে পারস্পরিক আলাপ-আলোচনার ধারাকে আরও এগিয়ে নিয়ে যেতে দ্বিপাক্ষিক এই বৈঠক দু'দেশের প্রধানমন্ত্রীর বড় সুযোগ করে দেবে। সফরকালে প্রধানমন্ত্রী শ্রী মোদী সেদেশের ব্যবসায়িক মহলের এক অনুষ্ঠানে যোগ দেবেন এবং ভারতীয় সম্প্রদায়ের মানুষের সঙ্গে মতবিনিময় করবেন।

জাপান সফরে থাকাকালীন প্রধানমন্ত্রী শ্রী মোদী আগামী ২৪ তারিখ মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি মিঃ জোসেফ আর বাইডেনের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন। সাম্প্রতিক সময়ে দুই সরকার প্রধানের মধ্যে গত 11ই এপ্রিল ভার্চুয়াল পদ্ধতিতে যে পারস্পরিক আলাপ-আলোচনা হয়, তার সূত্র ধরেই এই বৈঠক। বৈঠকে ভারত - মার্কিন কৌশলগত অংশীদারিত্ব নিয়ে পর্যালোচনার পাশাপাশি, গত সেপ্টেম্বরে রাষ্ট্রপতি বাইডেনের সঙ্গে প্রধানমন্ত্রী শ্রী মোদীর যে দ্বিপাক্ষিক আলোচনা হয়েছিল, তা অব্যাহত রাখাও এর উদ্দেশ্য। দুই নেতা এই বৈঠকে অভিন্ন স্বার্থ সংশ্লিষ্ট একাধিক আঞ্চলিক ও আন্তর্জাতিক ঘটনাবলী নিয়েও মতবিনিময় করবেন বলে মনে করা হচ্ছে।

অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রীর সঙ্গেও শ্রী মোদীর দ্বিপাক্ষিক বৈঠকের সম্ভাবনা রয়েছে। উল্লেখ করা যেতে পারে, আগামী 21 তারিখ অস্ট্রেলিয়ায় নির্বাচন অনুষ্ঠিত হতে চলেছে। দু'নেতার মধ্যে ভারত - অস্ট্রেলিয়া সর্বাঙ্গীণ কৌশলগত অংশীদারিত্ব এবং পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন আঞ্চলিক ও আন্তর্জাতিক ঘটনাবলী নিয়ে উভয়ের মধ্যে আলাপ-আলোচনার সম্ভাবনা রয়েছে। দুই প্রধানমন্ত্রীর মধ্যে গত 21শে মার্চ ভার্চুয়াল পদ্ধতিতে দ্বিপাক্ষিক বৈঠকের পর গত দোসরা এপ্রিল ভারত - অস্ট্রেলিয়া অর্থনৈতিক সহযোগিতা ও বাণিজ্য চুক্তি স্বাক্ষরিত হয়।

নতুন দিল্লী

মে 019, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.